দৈনিক সংবাদ

SEP. 1 5 1999

তারিখ ... SEP. 1 5 1999 ...
পৃষ্ঠা 9 কলাম 2 .....

বগুড়া মেডিক্যাল কলেজ

# ছাত্রলীগ-শিবির সংঘর্ষ ঃ পরস্পরের বিরুদ্ধে মামলা

বগুড়া থেকে সংবাদদাতা ঃ বগুড়া মেডিক্যাল কলেজে সিট দখল নিয়ে ছাত্রলীগ ও শিবিরের মধ্যে সংঘর্ষের ঘটনায় একে অপরের বিরুদ্ধে সদর থানায় মামলা করেছে।

ছাত্রলীগের পক্ষে ৪র্থ বর্ষের ছাত্র নিজাম উদ্দিন বাদি হয়ে ওই কলেজ শাখার শিবির সভাপতি আবদুল্লাহ আল মাহমুদসহ ২৭ জনকে এবং শিবিরের পক্ষে ২য় বর্ষের ছাত্র খন্দকার হাসান আল হোদায়বী ছাত্রলীগের সাধারণ সম্পাদক ওয়াহিদুজ্জামান শামীমসহ ২৮ জনকে আসামি করে মামলা করে।

গত ৫ই সেপ্টেম্বর রাতে উভয় ছাত্র সংগঠনের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া, ককটেল বিস্ফোরণ ও গুলিবর্ষণের ঘটনায় ৪র্থ বর্ষের ছাত্র নিজাম উদ্দিন আহত হয়। পরে পুলিশ বহিরাগতদের বের করে দেয়ার পর কলেজে তল্লাশি করে পরিত্যক্ত অবস্থায় ১২ ইঞ্চি লম্বা ১টি চাকু, ২৪ ইঞ্চি ১টি তরবারি ও ১টি কিরিচ, ২৬ ইঞ্চি লম্বা একটি রামদা এবং ১টি ইন্টারকম উদ্ধার করে। ঘটনায় জড়িত সন্দেহে পুলিশ শিপলু, বিপুল ও বিস্কুট নামে ৩ যুবককে জিজ্ঞাসাবাদের পর ছেড়ে দেয়।

## ছাত্রলীগের সাংবাদিক সম্মেলন

বুধবার সন্ধ্যা সাড়ে ৬টায় স্থানীয় প্রেসক্লাব মিলনায়তনে ছাত্রলীগ বগুড়া মেডিক্যাল কলেজ (বমেক) শাখার উদ্যোগে এক সাংবাদিক সম্মেলনে অনুষ্ঠিত হয়।

এতে লিখিত বক্তব্যে বমেক শাখার সভাপতি প্রবীর কুমার নাথ বলেন, গত ৫ই সেপ্টেম্বর রাতে স্বাধীনতাবিরোধী জামাত শিবিরের বহিরাগত সন্ত্রাসীরা অস্ত্রে সজ্জিত হয়ে ককটেল বিস্ফোরণ করতে করতে ছাত্রদের বের করে দিয়ে ৫-৭টি রুমে তালা দেয়। এরপর তারা প্রধান হোস্টেলে হামলা করে ভাঙচুর করে। তাদের ছুরিকাঘাতে ৪র্থ বর্ষের ছাত্র নিজাম উদ্দিন আহত হয়।